



ঢাকা বিশ্ববিদ্যালয়
নিয়োগ বিজ্ঞপ্তি

বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২০০০-৫৩০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটে ১(এক)টি গবেষণা কর্মকর্তা শূন্য স্থায়ী পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে অবশ্যই যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্বাস্থ্য অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অথবা উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩০ বৎসর হইতে হইবে। পরীক্ষায় কোনো পর্যায়ে ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য নহে।

স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট-এর পরিচালকের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট, মার্কসিট ও প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৮-০২-২০২০ তারিখের মধ্যে পরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট পৌঁছাইতে হইবে। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

১৮/২০